



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.ac.bd

প্রেস-রিলিজ

তারিখঃ ১৪/০৪/২০১৬

বরিশাল বিশ্ববিদ্যালয়ে বর্ষবরণ উপলক্ষে বর্ণাঢ্য মঙ্গল শোভাযাত্রা ও বৈশাখী মেলা অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়ে বাংলা নববর্ষ ১৪২৩ উদযাপন উপলক্ষে ১৪ এপ্রিল ২০১৬ সকাল ৭.৩০ টায় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে প্রথমবারের মত এক বর্ণাঢ্য মঙ্গল শোভাযাত্রার আয়োজন করা হয়। বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক'র নেতৃত্বে অনুষ্ঠিত মঙ্গল শোভাযাত্রায় বিশ্ববিদ্যালয়ের ড্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, সম্মানিত সিডিকেট সদস্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের মুক্তিকা, পানি ও পরিবেশ বিজ্ঞান বিভাগের অনারারী প্রফেসর ড. শফিউর রহমান, বাংলাদেশ সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী প্রাক্তন অতিরিক্ত এটর্নি জেনারেল জনাব এম কে রহমান, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো: মুহসিন উদ্দীন, জীববিজ্ঞান অনুষদের ডিন ড. মো. হাসিনুর রহমান, রেজিস্ট্রার মো. মনিরুল ইসলাম, প্রক্টর (ভারপ্রাপ্ত) মো. শফিউল আলম, ১৮ টি বিভাগের বিভাগীয় প্রধান, শিক্ষক সমিতির সভাপতি, শিক্ষকমন্ডলী, ছাত্র উপদেষ্টাবৃন্দ, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে থেকে শুরু হওয়া মঙ্গল শোভাযাত্রা বরিশাল-পটুয়াখালী মহাসড়ক প্রদক্ষিন শেষে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠ হয়ে প্রশাসনিক ভবন-২ এর সামনে এসে শেষ হয়। মঙ্গল শোভাযাত্রা শেষে ক্যাম্পাসের মুক্তক্ষেত্র দিনব্যাপী বিভিন্ন বিভাগের অংশগ্রহণে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও বৈশাখী মেলার আয়োজন করা হয়। এতে বিশ্ববিদ্যালয়ের ১৮ টি বিভাগের নিজস্ব স্টলের পাশাপাশি বাহিরের ২২ টি স্টল ছিলো। মেলায় পিঠা উৎসব, মুড়ি-মুড়কি, খই-বাতাসা, নাগরদোলা, চড়কি, মৃৎ শিল্প, হস্ত শিল্প, মনিহারি, পুতুল নাচ, বানর খেলা, সাপ খেলা, লাঠি খেলা, সেলফিজোন সহ বিভিন্ন গ্রামীন ও লোকজ সাংস্কৃতির আবহ বিরাজমান ছিল। বাংলা নববর্ষ ১৪২৩ উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয় আয়োজিত এ উৎসবের প্রধান পৃষ্ঠপোষক ছিল ডেকো ফুডস্ লিমিটেড। উল্লেখ্য বাংলা নববর্ষ উদযাপনে জাতীয় মাছ ইলিশ রক্ষায় উপাচার্য মহোদয়ের আহবানে সাড়া দিয়ে নববর্ষের দিনটিতে বরিশাল বিশ্ববিদ্যালয়ে ছিলো পান্তা-ইলিশ সম্পূর্ণ ভাবে নিষিদ্ধ। আর তাই নববর্ষ উদযাপনে পান্তা-ইলিশ ছাড়া সব ধরনের আয়োজনই ছিলো বরিশাল বিশ্ববিদ্যালয়ে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রহিম
জনসংযোগ কর্মকর্তা
বরিশাল বিশ্ববিদ্যালয়